

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী


সভাপতি	মো: মজিবর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২৪ ফেব্রুয়ারি ২০২২
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
উপস্থিতি	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ২. মিঞ্জ মৌসুমী মান্নান, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সিলেট ৩. জনাব ফজলে ওয়াহিদ, সহকারী কমিশনার, সিলেট ৪. জনাব মোঃ জামাল আহমদ, প্রশাসনিক কর্মকর্তা, সিলেট

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সকলের অবগতির জন্য আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ হতে নির্দেশনাসমূহ পাঠ করে শোনানো হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	সভা আয়োজন এবং কার্যবিবরণী শুদ্ধাচার কৌশল ওয়েব পোর্টালে আপলোডকরণ	১. নৈতিকতা কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। ২. সভার কার্যবিবরণী স্ব স্ব শুদ্ধাচার কৌশল ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০২	ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোডকরণ	১. শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ ক্যালেন্ডারের নির্ধারিত সময়সূচি অনুসরণপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে। ২. ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব শুদ্ধাচার কৌশল ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল)
০৩	শুদ্ধাচার কৌশল সেবাবক্স হালনাগাদকরণ	১. বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর আদলে অত্র কার্যালয়ের শুদ্ধাচার সেবাবক্স সাজানোসহ নিয়মিত হালনাগাদ করতে হবে। ২. শুদ্ধাচার সেবাবক্সের তথ্য ত্রুটিমুক্ত ও সমৃদ্ধ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০৪	প্রকল্প পরিদর্শন প্রতিবেদন	উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে যেসকল প্রকল্প চলমান রয়েছে তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), সিলেট ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল

০৫	শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ বাস্তবায়ন	জেলা ও উপজেলা পর্যায়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুসরণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
০৬	কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	কার্যবিবরণীর প্রতিটি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামি ২২ মার্চ ২০২২ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।	২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ২। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট

সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি রাষ্ট্র ও জনগণের স্বার্থে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা করেন।



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক


স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.২৯৩

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৮

১৪ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৫) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট
- ৬) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
- ৮) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (এলএও), ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৯) রেভিনিউ ডেপুটি কালেক্টর, রাজস্ব (এসএ) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১০) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১১) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১২),, সিলেট



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক